# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ **১১৬১**

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ **১১৩.** পশ্চাদ্দার দিয়ে মহিলাদের নিকট গমণ করা

## بَاب إِتْيَانِ النِّسَاءِ فِي أَدْبَارِهِنَّ

আরবী

أَخْبَرَنَا خَلِيفَةُ بْنُ خَيَّاطٍ حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ حَدَّثَنَا خَالِدٌ عَنْ عِكْرِمَةَ قَالَ كَانَ أَهْلُ الْجَاهِلِيَّةِ يَصْنَعُونَ فِي الْحَائِضِ نَحْوًا مِنْ صَنِيعِ الْمَجُوسِ فَذُكِرَ ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَزَلَتْ وَيَسْأَلُونَكَ عَنْ الْمَحِيضِ قُلْ هُوَ أَذًى فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ وَلَا تَقْرَبُوهُنَّ حَتَّى يَطْهُرْنَ فَلَمْ يَزْدَدْ الْأَمْرُ فِيهِنَّ إِلَّا شِدَّةً

বাংলা

**১১৬১.** ইকরিমাহ রাহি. বলেন, জাহিলী যুগের লোকেরা স্ত্রীলোকের হায়িয অবস্থায় মাজুসী (অগ্নিপুজারী) সম্প্রদায়ের লোকদের মতো (তাদের সাথে সহবাস) করতো। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট বিষয়টি উত্থাপিত হলো, তখন এ আয়াত নাযিল হলো: [“তারা তোমাকে (স্ত্রী লোকদের) হায়িয সম্পর্কে জিজ্ঞেস করছে; তুমি বলো, ওটা হচ্ছে কষ্টদায়ক অবস্থা। অতএব, হায়িয অবস্থায় স্ত্রীলোকদের থেকে (সঙ্গম না করে) বিরত থাক এবং উত্তমরূপে পবিত্র না হওয়া পর্যন্ত তোমরা তাদের নিকট যেওনা।” (সুরা বাকারা: ২২২)] ফলে এ আদেশটি (হায়িয অবস্থায় উভয় রাস্তায় সংগম হারাম করার মাধ্যমে[1]) স্ত্রীলোকদের ব্যাপারে কঠোরতাই বৃদ্ধি করেছে।[2]

ফুটনোট

[1] ((ফাতহুল মান্নান অত্র (১২৩০ নং) হাদীসের ব্যাখ্যা দ্র:-অনুবাদক))

[2] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি এখানে ব্যতীত অন্য কোথাও সনদ সহ পাইনি। ইবনু আবী শাইবা ৪/২২৯ সাকাফীর সুত্রে সংক্ষেপে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইকরিমা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81444

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন